

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৮৯তম বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ : ২৮ জানুয়ারি, ২০১০
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি : কর্ণেল তানভির হাসান মজুমদার
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- (১) ক্যাপ্টেন আসলাম পারভেজ, (ট্যাজ), এএফডব্লিউসি, পিএসসি, বিএন
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (২) গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসেক ইকবাল খান মজলিশ, পিএসসি, জিডি(পি)
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। অনুপস্থিত
- (৩) লেঃ কর্ণেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৪) মেজর এ কে এম শহীদুল হাসান
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৫) ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন
বাড়ী#১৮৬, লেন#৩, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ
পিতা- মরহুম হামিদুল্লাহ আহমেদ
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। অনুপস্থিত
- (৭) শাহে এলিদ মাইনুল আমিন
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। অনুপস্থিত

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ),
সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ,
লেঃ কর্ণেল এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি
(অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনাতে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

আলোচ্যসূচী-১ : গত ৩০ ডিসেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ৩০ ডিসেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনাতে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : গত ৩০ ডিসেম্বর, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনাতে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ : ডিসেম্বর, ২০০৯ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা : বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, ২০০৯-২০১০ আর্থিক সালে গৃহকর বাবদ মোট চলতি দাবী ১,৭০,০০,০০০.০০ টাকা এবং পূর্ববর্তী বছরের বকেয়া ৫৭,১৫,৩৩৫.০০ টাকাসহ সর্বমোট দাবী ২,২৭,১৫,৩৩৫.০০ টাকার মধ্যে ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখ পর্যন্ত মোট আদায় হয়েছে ১,৮৬,৭৬,৩০০.০০ টাকা। যার মধ্যে ক্যান্ট বাজার এলাকার গৃহকর বাবদ ৮,৫৫,৬৩৩.০০ টাকা, ডিওএইচএস বনানী এলাকার গৃহকর বাবদ ১৮,৯৯,৯০৫.০০ টাকা, ডিওএইচএস মহাখালী এলাকার গৃহকর বাবদ ৪৮,৫৯,০৬৮.০০ টাকা, ডিওএইচএস বারিধারা এলাকার গৃহকর বাবদ ৪২,২৭,৬৯৪.০০ টাকা, ডিওএইচএস মিরপুর এলাকার গৃহকর বাবদ ৭,৩৭০.০০ টাকা, কচুক্ষেত এলাকার গৃহকর বাবদ ৩,৫২,৫২৬.০০ টাকা আদায় হয়েছে। এছাড়াও রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ৭,৯৬,৯৩৫.০০ টাকা আদায় করা হয়েছে।

সিদ্ধান্ত : ডিসেম্বর, ২০০৯ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন করা হলো। বকেয়া গৃহকর/দোকান ভাড়া আদায়ে সর্বাঙ্গিক উদ্যোগ গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আলোচ্যসূচী-৩ : ডিসেম্বর, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ডিসেম্বর, ২০০৯ মাসে আয় হয়েছে ১,৩০,৩৫,০৬৮.০০ টাকা এবং ব্যয় হয়েছে ৯১,০২,৬২১.০০ টাকা।

সিদ্ধান্ত : ডিসেম্বর, ২০০৯ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৪ : ডিসেম্বর, ২০০৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনানিবাসের বিভিন্ন স্থানে মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে। সেনানিবাসের ব্রিডিং পয়েন্টগুলোতে নিয়মিত কীটনাশক স্প্রে করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সেনানিবাসসহ ডিওএইচএস এর মশক ব্রিডিং স্পটগুলোতে সূর্যোদয়ের পূর্বে ব্যাপকভাবে কীটনাশক প্রয়োগ করার জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশনকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৫ : বনানী ডিওএইচএস এলাকার ২৮/এ-১ নং বাড়ীর অবৈধ স্থাপনা ও অবৈধ অফিস সংক্রান্ত স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ জানুয়ারি, ২০১০ তারিখের ৬২৪/১/এ/বনানী নং প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এলাকার ২৮/এ-১ নং বাড়ীর মালিক মিসেস এষা হাসান। অত্র দপ্তরের ২৬ জুন, ১৯৯৪ তারিখের ঢাক্যাবো/জেনারেল/প্লট নং-২৮/এ/বনানী/৭৩ নং পত্রের মাধ্যমে ০৫(পাঁচ) তলা বাড়ী নির্মাণের নকশা অনুমোদন করা হয়। সরেজমিন পরিদর্শনে দেখা যায় যে, উক্ত বাড়ীতে অনুমোদিত নকশা বহির্ভূতভাবে ০৬(ছয়) তলা এবং প্লটের পিছন দিকে বাউন্ডারী ওয়ালের সাথে একটি গেইট নির্মাণ করা হয়েছে। উক্ত গেইট অপসারণের জন্য অত্র দপ্তরের ০৩ জুন, ২০০৮ তারিখের ঢাক্যাবো/প্লট নং-২৮/এ-১/ডিওএইচএস বনানী/২২১ নং পত্রের মাধ্যমে নোটিশ প্রদান করা হয়েছে। নকশা বহির্ভূতভাবে ৫ম তলার উপর ৬ষ্ঠ নির্মাণের বিষয়টি গত ২৮ মে, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-২১ এর মাধ্যমে উপস্থাপন করা হলে প্লট মালিকের নিকট থেকে অননুমোদিত নির্মাণের বিষয়ে ব্যাখ্যা চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১৭ জুন, ২০০৮ তারিখের ঢাক্যাবো/প্লট নং-২৮/এ-১/ডিওএইচএস বনানী/২২২ নং পত্রের মাধ্যমে নকশা বহির্ভূত অননুমোদিত নির্মাণের বিষয়ে জবাব চাওয়া হয়। এতদ্বিষয়ে প্লট মালিকের পক্ষ থেকে কোন জবাব না পাওয়ায় অত্র দপ্তরের ১৪ জুলাই, ২০০৮ তারিখের ঢাক্যাবো/প্লট নং-২৮/এ-১/ডিওএইচএস বনানী/২৩১ নং পত্রের মাধ্যমে পুনরায় তাগিদ প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে মিসেস এষা হাসান তাঁর ২৫ জুন, ২০০৮ তারিখের আবেদনে অনুমোদন ব্যতিরেকে ৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ করার বিষয়টি অপরাধ হয়েছে মর্মে স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন এবং উক্ত ভবনের ৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণের সংশোধিত নকশা অনুমোদনের অনুরোধ জানান। সরেজমিন পরিদর্শনে দেখা গিয়েছে যে, উক্ত বাড়ীর ১ম, ২য় ও ৩য় তলা অননুমোদিতভাবে হেলিক্স লিমিটেড বাংলাদেশ, প্রোগ্রাম- জনাব হারিস সাচ দেবা এর নিকট বায়িং হাউস ও গার্মেন্টস হিসেবে ভাড়া দেয়া হয়েছে। উক্ত অননুমোদিত ব্যবসা প্রতিষ্ঠান অপসারণ করার জন্য অত্র দপ্তরের ১৫ অক্টোবর, ২০০৯ তারিখের ঢাক্যাবো/প্লট নং-২৮/এ-১/ডিওএইচএস বনানী/২৮৯ নং পত্রের মাধ্যমে প্লটের মালিককে অনুরোধ জানানো হয়েছে। এতদসত্ত্বেও আবাসিক এলাকা হতে উক্ত অননুমোদিত ব্যবসা প্রতিষ্ঠান অপসারণ না করায় অত্র দপ্তরের ১৩ জানুয়ারি, ২০১০ তারিখের ঢাক্যাবো/প্লট নং-২৮/এ-১/ডিওএইচএস বনানী/২৯১ নং পত্রের মাধ্যমে অপসারণ করার জন্য পুনরায় তাগিদ প্রদান করা হয়। এ প্রসংগে উল্লেখ্য উক্ত বাড়ীর গৃহকর ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকা নির্ধারণ করা ছিল যা জুন, ২০০৮ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। উক্ত বাড়ীর গৃহকর পুনঃনির্ধারণের জন্য অত্র দপ্তরের ১৯ জুলাই, ২০০৯ তারিখের ঢাক্যাবো/ডিওএইচএস বনানী/প্লট নং-২৮/এ-১/২৫৬ নং পত্রের মাধ্যমে তথ্যাদি চাওয়া হয়। যা বাড়ীর মালিক কর্তৃক অদ্যাবধি সরবরাহ করা হয়নি। এ প্রসংগে আলোচনায় আরো জানা যায় যে, বনানী ডিওএইচএস একটি পূর্ণাঙ্গ আবাসিক এলাকা। লীজ দলিলের শর্তানুযায়ী আবাসিক ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে উক্ত প্লট/বাড়ী ব্যবহার করা যাবে না। এ বিষয়ে তাকে অনেক বার নোটিশ প্রদান করা হয়েছে। কিন্তু তিনি তা প্রতিপালন করেননি। তাকে নির্মিত বাড়ীর অবৈধ স্থাপনা অপসারণের জন্যও পত্র দেয়া হয়েছিল। কিন্তু তিনি সেই পত্রের জবাব দেননি। সার্বিক বিবেচনায় তিনি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃপক্ষের সঙ্গে অসযোগিতাসুলভ আচরণ করেছেন এবং বোর্ডের নির্দেশনা অমান্য করেছেন।

সিদ্ধান্ত :

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো :-

- (ক) বনানী ডিওএইচএস এর ২৮/এ-১ নং প্লটের গৃহকর নির্ধারণ/পুনঃনির্ধারণ সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করতে হবে।
- (খ) মালিক কর্তৃক উক্ত বাড়ীর ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ/উচ্ছেদ করতে হবে।
- (গ) উক্ত বাড়ীর অননুমোদিত নির্মাণ অপসারণ করতে হবে।

উপরোক্ত সিদ্ধান্ত ২৮ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

চলমান পাতা-৪

আলোচ্যসূচী-৬ : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর বি/৫ নং ফ্ল্যাট এবং ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট প্লট মলিকগণ আবেদন করেন। সে মোতাবেক নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হলে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উল্লেখিত প্লটে নির্মিত বাড়ীর মধ্যে ৪৪ নং প্লটের গৃহকর হালনাগাদ পরিশোধ আছে এবং ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর গৃহকর ধার্যকরার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। এছাড়াও উক্ত প্লটসমূহে কোন অননুমোদিত নির্মাণ নেই। বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাটের মধ্যে যে সকল বাড়ীর গৃহকর হালনাগাদ পরিশোধ আছে সেগুলোর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতার নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	মন্তব্য
(১)	বাড়ী#২৬/সি, ফ্ল্যাট#বি/৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ ফজলুল হক খান বাড়ী#২৬/সি, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৬ জুলাই, ২০০৯	লেঃ কর্ণেল মোঃ শফিউল আলম (অবঃ) ও লেঃ কর্ণেল সৈয়দা সামসুন নাহার (অবঃ) বাড়ী#২৬/সি, ফ্ল্যাট#বি/৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	১৪ জানুয়ারি, ২০১০ তারিখের ১৩০০/৩০/৩১/নিরাপত্তা নং প্র।	উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং গৃহকর ধার্য করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে।
(২)	বাড়ী#৪৪, রোড#৯ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মাহমুদ হাসান খান বাড়ী#৪৪, রোড#৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৮ নভেম্বর, ২০০৯	জনাব মোহাম্মদ আলী তালুকদার, পিতা- মরহুম আব্দুল হামিদ তালুকদার ৬৬১ সয়াধানগর, পোঃ + থানা+ জেলা- সিরাজগঞ্জ।	৩০ ডিসেম্বর, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র।	উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং ধার্যকৃত গৃহকর ৬,০০০/- টাকা জুলা, ২০০৯ পর্যন্ত পরিশোধ করা হয়েছে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর হালনাগাদ গৃহকর পরিশোধের পর সংশ্লিষ্ট ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা যেতে পারে।

আলোচ্যসূচী-৭ : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১ হতে ৫ এ উল্লেখিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত বাড়ীসমূহে নির্মিত ফ্ল্যাটগুলো প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্রের প্রেক্ষিতে এবং বোর্ডসভার অনুমোদনক্রমে সংশ্লিষ্ট ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। বাড়ীগুলোর গৃহকর নির্ধারণ করা হলেও হালনাগাদ পরিশোধ করা হয়নি। বিস্তারিত পর্যালোচনায় সভায় মত প্রকাশ করা হয় যে, হালনাগাদ গৃহকর পরিশোধ সাপেক্ষে নামজারী করা যেতে পারে। ক্রমিক নং-৬ এ উল্লেখিত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি অবিভক্ত ও অবিভাজ্য অবস্থায় উত্তরাধিকারীদের নামে নামজারী করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
(১)	বাড়ী#১/বি, ফ্ল্যাট#১/সি, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	বেগম ইয়াসমিন হাবিব স্বামী- মেজর মোঃ হাবিবুর রহমান (অবঃ) বাড়ী#১/বি, ফ্ল্যাট#১/সি, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৯/১২/২০০৯	০২ আগস্ট, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র।	১৪ সেপ্টেম্বর, ২০০৯ তারিখের ঢাকাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-১/বি/ফ্ল্যাট নং-১-সি/২০ নং পত্র।	ডিজিটাইজড দপ্তরমূলে ক্রেতা উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটটির ধার্যকৃত গৃহকর ৩,২০০/- টাকা নির্ধারণ করা হয়েছে এবং তা জুলা, ২০১০ পর্যন্ত পরিশোধ আছে।
(২)	বাড়ী#১৬/এইচ, ফ্ল্যাট#এ/৪, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	হাজী মোহাম্মদ মুছা পিতা- মরহুম কবির আহমেদ বাড়ী#১৬/এইচ, ফ্ল্যাট#এ/৪, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১০/১/২০১০	১২ নভেম্বর, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র।	২৫ নভেম্বর, ২০০৯ তারিখের ঢাকাবো/ক্যাঃবাঃএঃ/১৬/এইচ/ফ্ল্যাট #এ-৪/২৪ নং পত্র।	ডিজিটাইজড দপ্তরমূলে ক্রেতা উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই। উক্ত বাড়ীর ধার্যকৃত গৃহকর ২,০৬,৫০০/- টাকা নির্ধারণ করে পত্র দেয়া হয়েছে।

চলমান পাতা-৫

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ	ভিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
(৩)	বাড়ী#১৯/এ, ফ্ল্যাট#১/বি, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	বেগম শাহরিয়া শারমিন স্বামী- জনাব আরশাদ জামাল বাড়ী#২৭, নাজির রোড ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১২/১/২০১০	২৩ অক্টোবর, ২০০১ তারিখের ১৩০০/৩০/১০/নিরা পত্র নং পত্র।	১৯ জুন, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১৯/এ/ফ্ল্যাট #১-বি/৬	রেজিস্ট্রিকৃত দলিলমূলে কেতা উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ৩,৫৬০/- টাকা এবং তা জুন, ২০০৯ পর্যন্ত পরিশোধ করা হয়েছে।
(৪)	বাড়ী#১৯/এ, ফ্ল্যাট#৪/বি, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	স্কোয়াজন লীডার (অবঃ) ইকবাল হোসেন পিতা- মোঃ আব্দুল কাপের বাড়ী#১৯/এ, ফ্ল্যাট#৪/বি, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ২৩/১২/২০০৯	১১ জানুয়ারি, ২০০৩ তারিখের ১৩০০/৫০/২২ নং পত্র।	১৯ জুন, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১৯/এ/ফ্ল্যাট #৪-বি/৫	রেজিস্ট্রিকৃত দলিলমূলে কেতা উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ৪,০৭০/- টাকা এবং তা জুন, ২০০৯ পর্যন্ত পরিশোধ করা হয়েছে।
(৫)	বাড়ী#৪৩/ই, ফ্ল্যাট#২/এ, রোড#৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	ডাঃ মোঃ রহমত উল্লাহ পিতা- মরহুম রশিদ পাটোয়ারী বাড়ী#৪৩/এ, ফ্ল্যাট#২/এ, রোড#৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১৭/১২/২০০৯	২২ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্র।	০৮ এপ্রিল, ২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৩/ই/ফ্ল্যাট #২-এ/১৭	রেজিস্ট্রিকৃত দলিলমূলে কেতা উক্ত প্লটে অননুমোদিত নির্মাণের জন্য ধার্যকৃত ক্ষতিপূরণ অত্র পত্রের জমা করা হয়েছে। উক্ত প্লটের বাৎসরিক গৃহকর নির্ধারণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।
(৬)	বাড়ী#৫৬, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১) কানিজ ফাতেমা, (২) নাসিমা খাতুন, (৩) ইকবাল ইলিয়াস সামী ৫৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাসের ১৯ জানুয়ারি, ২০১০ তারিখের আবেদন।			উত্তরাধিকারসূত্রে আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়েছে। আলোচ্য বাড়ীতে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বাৎসরিক গৃহকর ২২,৫০০/- টাকা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ আছে।

সিদ্ধান্ত : ক্রমিক নং-১ হতে ৫ এ উল্লেখিত ফ্ল্যাটগুলোর মধ্যে সংশ্লিষ্ট ফ্ল্যাট/বাড়ীর হালানাগাদ গৃহকর পরিশোধ সাপেক্ষে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো এবং ক্রমিক নং-৬ এ উল্লেখিত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ : রজনীগন্ধা সুপার মার্কেটের অস্থায়ী ০২(দুই) বছর মেয়াদী ডি-৮১/২ এবং ডি/৮১-৩ নং দোকান পরবর্তী মেয়াদে পুনঃ বরাদ্দ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ডি-৮১ নং দোকানের পাশে ৯×২০ সাইজের জায়গা সম্পূর্ণ অস্থায়ীভাবে ০১ (এক) বছরের জন্য বাৎসরিক ৬,৪৮০/-টাকা ভাড়া পরিশোধ সাপেক্ষে জনাব এ এইচ এম শাহজাহান এর নামে বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে ১৫/৪/২০০৮ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/ডি-৮১/২/২৯ নং পত্রের মাধ্যমে বাৎসরিক ১১,৩৪০/- জমা সাপেক্ষে ০২ বছরের জন্য পুনঃ বরাদ্দ করা হয়। যার মেয়াদ ৩১/১/২০১০ তারিখে উত্তীর্ণ হবে। উক্ত দোকানের মেয়াদ বৃদ্ধির জন্য জনাব এ এইচ এম শাহজাহান ১২/১/২০১০ তারিখে আবেদন করেন। রজনীগন্ধা সুপার মার্কেটের ডি-৮১/২ নং দোকানের পাশে ৯×২০ সাইজের জায়গা সম্পূর্ণ অস্থায়ীভাবে ০১ (এক) বছরের জন্য বাৎসরিক ৬,৪৮০/- টাকা ভাড়া পরিশোধ সাপেক্ষে জনাব মোঃ আবুল বাশার বাবুল এর নামে বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে ১৫/৪/২০০৮ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/ডি-৮১/৩/১২ নং পত্রের মাধ্যমে বাৎসরিক ১১,৩৪০/- জমা সাপেক্ষে ০২ বছরের জন্য পুনঃ বরাদ্দ করা হয়। যার মেয়াদ ৩১/১২/২০০৯ তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। উক্ত দোকানের মেয়াদ বৃদ্ধির জন্য জনাব মোঃ আবুল বাশার বাবুল ২৯/১২/২০০৯ তারিখে আবেদন করেন।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের অস্থায়ী ০২(দুই) বছর মেয়াদী ডি-৮১/২ এবং ডি/৮১-৩ নং দোকান দুটি মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা সালামীতে পুনঃবরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া বোর্ড কর্তৃক নির্ধারিত হারে দোকান ভাড়া পরিশোধ করতে হবে।



আলোচ্যসূচী-৯ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং বাড়ীর উপর রীট পিটিশন নম্বর ৫০০২/২০০৩ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ৭৪ নং বাড়ীর মালিক মিসেস শামীমা এ খান। উক্ত বাড়ীর সংলগ্ন ১০৬০ বর্গফুট (কম/বেশী) অতিরিক্ত জমি নিয়ে মামলার উদ্ভব ঘটে। উক্ত বাড়ীর বিষয়ে মাননীয় হাইকোর্টে দায়েরকৃত ৫০০২/২০০৩ নং মামলাটি বোর্ডের পক্ষে সিনিয়র এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন পরিচালনা করে আসছিলেন। বিগত ২৯ এপ্রিল, ২০০৯ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক মোকদ্দমাটি শুনানী অস্ত্রে রুল অবসুর্লুট করেন। যার প্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিএমপি ৩৯৯ দাখিল করা হয়। খন্দকার মাহবুব উদ্দিন উক্ত মোকদ্দমাটি পরিচালনা করতে বিব্রত বোধ করে মামলার নথিপত্র অত্র দপ্তরে ফেরত প্রদান করেছেন। উপরোক্ত মোকদ্দমাখানা গত ২৯/৬/২০০৯ তারিখে মাননীয় হাইকোর্ট উভয় পক্ষের শুনানী অস্ত্রে রুল অবসুর্লুট করেন এবং দরখাস্তকারী বরাবরে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট খালী ভূমি রায় প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে লীজ দলিল সম্পাদন করিয়া দিতে আদেশ প্রদান করেন। মাননীয় হাইকোর্টের উক্ত আদেশের বিরুদ্ধে ইতোমধ্যে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের সি এম পি ৩৯৯/২০০৯ দায়ের করা হয়। মোকদ্দমাটি পরিচালনাকারী সিনিয়র আইনজীবী খন্দকার মাহবুব উদ্দিন আহমেদ মামলাটি পরিচালনায় বিব্রতবোধ করায়, জনাব ফিদা কামাল, বার-এট-ল- এর সহিত যোগাযোগ করা হয়। কিন্তু তিনিও পরবর্তীতে উক্ত মোকদ্দমা পরিচালনার বিষয়ে যোগাযোগ না করিলে, জনাব আক্তার ইমাম, বার-এট-ল এর সহিত যোগাযোগ করিলে তিনি মোকদ্দমাটি পরিচালনায় সম্মতি জ্ঞাপন করেন এবং তাহার ফি ৩,০০,০০০/- টাকা লিখিতভাবে জানিয়ে দেন। উক্ত টাকার মধ্যে ২,০০,০০০/- টাকা পরিশোধ করা হয়েছে। বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনায় জানা যায় যে, আলোচ্য জমিটি সংশ্লিষ্ট ইজারা গ্রহীতার নিকট হতে উদ্ধার করা হলে তা অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না বা কোন স্বতন্ত্র প্লট হিসেবেও রূপান্তর করা সম্ভব নয়। সুতরাং ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট জমি সংশ্লিষ্ট ইজারা গ্রহীতার অনুকূলে বরাদ্দ প্রদান করাই সমীচীন হবে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার যে সকল প্লটের সংগে বরাদ্দের অতিরিক্ত জমি রয়েছে তা উদ্ধার করে স্বতন্ত্র প্লট করা না গেলে বা অন্য কোন কাজে ব্যবহার করা না গেলে এবং সংশ্লিষ্ট বরাদ্দলাভকারীগণ যদি প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্য পরিশোধ সাপেক্ষে তাঁদের অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১০ : বনানী ডিওএইচএস মসজিদ কমিটি নির্বাচন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এলাকাস্থিত মসজিদের জন্য লালানসরাই মৌজার জিএল-২৭৩, সিএস-৪২৬ ও ৬৪২ নং প্লটের ১৮ শতাংশ জমি বিগত ৭/৫/১৯৯০ সনে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর কর্তৃক চেয়ারম্যান, ডিওএইচএস মসজিদ কমিটিকে স্থায়ী বন্দোবস্ত প্রদান করা হয়। অতঃপর মসজিদ কমিটির কোন নির্বাচন অনুষ্ঠিত হয়নি বিধায় মসজিদের কার্যক্রম পরিচালনায় প্রায়শঃই নানা জটিলতার সৃষ্টি হচ্ছে মর্মে বনানী ডিওএইচএস পরিষদ এর সভাপতি/সেক্রেটারী কর্তৃক একাধিক বার পত্রের মাধ্যমে জানানো হয়েছে। বিস্তারিত পর্যালোচনান্তে বনানী ডিওএইচএস মসজিদটি যেহেতু প্রতিরক্ষা বিভাগীয় জমিতে বিদ্যমান এবং বনানী ডিওএইচএস এর অভ্যন্তরে অবস্থিত সেহেতু ডিওএইচএস পরিষদ কমস্টিটিউশন এর বিধি অনুযায়ী উক্ত মসজিদটি বনানী ডিওএইচএস পরিষদ এর মাধ্যমে পরিচালিত হওয়া সমীচীন মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বনানী ডিওএইচএস মসজিদটি যেহেতু প্রতিরক্ষা বিভাগীয় জমিতে বিদ্যমান এবং বনানী ডিওএইচএস এর অভ্যন্তরে অবস্থিত সেহেতু ডিওএইচএস পরিষদ কমস্টিটিউশন এর বিধি অনুযায়ী উক্ত মসজিদটি বনানী ডিওএইচএস পরিষদ এর অধীনে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৭

আলোচ্যসূচী-১১ : ইন্টারনেট সার্ভিস প্রদানকারী সংস্থার ফি নির্ধারণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস এবং সেনানিবাসস্থ ডিওএইচএসসমূহে ইন্টারনেট সার্ভিস প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ক্যান্টনমেন্ট বোর্ডে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হয় (ব্যবসা বন্ধ করলে ক্যান্টনমেন্ট বোর্ডের পাওনা সমন্বয় পূর্বক ফেরৎযোগ্য) এবং সংযোগ সংখ্যার উপর ভিত্তি করে মাসিক নির্ধারিত ফি পরিশোধ করতে হয়। সভায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় সংযোগ সংখ্যার উপর আরোপিত ফি প্রত্যাহার করা যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয় এবং লাইসেন্স ফি বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আদায় করা যেতে পারে।

সিদ্ধান্ত : ইন্টারনেট সার্ভিস প্রভাইডারগণের নিকট হতে লাইসেন্স ফি বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এককালীন আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে সংযোগ সংখ্যার উপর ভিত্তি করে মাসিক নির্ধারিত ফি আদায়ের সিদ্ধান্ত প্রত্যাহার করা হলো।

আলোচ্যসূচী-১২ : রজনীগন্ধা সুপার মার্কেটের এ/৩৫ নং দোকান হস্তান্তর প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের এ/৩৫নং দোকানটি সামরিক কোটায় হাবিঃ মোঃ আলী শেখ (অবঃ) বরাদ্দ প্রাপ্ত। উক্ত দোকানটির মেয়াদ আগামী ৩১/৫/২০১৮ তারিখ পর্যন্ত বলবৎ আছে। হাবিঃ মোঃ আলী শেখ ০২/৮/০৯ তারিখে এক আবেদনে উক্ত দোকানটি তার চাচাতো ভাই লেঃ কমাঃ মোঃ বেলায়েত হোসেন (অবঃ) এর নিকট দান করার অনুমতি চেয়ে অত্র দপ্তরে আবেদন করেন। তার আবেদনপত্রটি অত্র দপ্তরের ২২ আক্টোবর, ২০০৯ তারিখে ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/এ-৩৫/৩১ নং পত্রে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে সিদ্ধান্তের জন্য প্রেরণ করা হলে স্টেশন সদর দপ্তর তদীয় ৯/১১/০৯ তারিখের ৬১৯/৪/এ/মার্কেট নং পত্রে বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত প্রদান করে।

সিদ্ধান্ত : দোকান হস্তান্তর ফি বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পরিশোধ সাপেক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটের এ/৩৫ নং দোকানটি হস্তান্তর করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ : ডিওএইচএসসমূহে স্টেশন সদর দপ্তর/ক্যান্টনমেন্ট বোর্ড ব্যতীত অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক গাড়ীর স্টীকার/ রিক্সা লাইসেন্স প্রদান প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এলাকায় বসবাসরতদের ব্যক্তিগত গাড়ী যাতায়াতের জন্য সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ কর্তৃক স্টীকার/অনুমতিপত্র ইস্যু করা হয়ে থাকে। এছাড়াও দৈনিক নির্দিষ্ট পরিমাণ ফি পরিশোধ সাপেক্ষে রিক্সা চলাচলের জন্যও অনুমতি প্রদান করা হয়। বিষয়টির উপর আলোচনায় অংশ গ্রহণ করে ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারীগণ জানান যে, ডিওএইচএস এর মধ্য দিয়ে অননুমোদিত যানবাহনের চলাচল নিয়ন্ত্রণ করার জন্য উক্ত লাইসেন্স ইস্যু করা হয়ে থাকে।

সিদ্ধান্ত : ডিওএইচএস পরিষদ কর্তৃক যে সকল যানবাহন এর অনুকূলে স্টীকার/অনুমতিপত্র ইস্যু করা হয়েছে তাদের একটি তালিকা স্টেশন সদর দপ্তরসহ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রেরণ করতে হবে। এছাড়া প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে হালনাগাদ তথ্যাদিও প্রেরণ করতে হবে।



চলমান পাতা-৮

আলোচ্যসূচী-১৪ : ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী

নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম	মন্তব্য
(১)	পি নং-১৯১ কমান্ডার এম জসিম উদ্দিন ভূঁইয়া, (এন) বিএন	৩২৫	মিরপুর ডিওএইচএস	০৬ (ছয়) তলা নতুন ভবন
(২)	বিএ-১০০২৫৫ লেঃ কর্ণেল (অবঃ) শ ম হোসেন শহীদ, এএমসি	৪৩৮	মিরপুর ডিওএইচএস	০৬ (ছয়) তলা নতুন ভবন
(৩)	বিএসএস-১৮৭১ মেজর (অবঃ) মোঃ মজিবুর রহমান	৪৫০	মিরপুর ডিওএইচএস	০৬ (ছয়) তলা নতুন ভবন
(৪)	বিএ-১০০২৬১ কর্ণেল মোঃ জহুরুল ইসলাম	৭৫১	মিরপুর ডিওএইচএস	০৬ (ছয়) তলা নতুন ভবন
(৫)	বিডি-৭০৫৬ গ্রুপ ক্যাপ্টেন এস এম কলিম উল্লাহ	৭৭৩	মিরপুর ডিওএইচএস	০৬ (ছয়) তলা নতুন ভবন
(৬)	বিএসএস-১৮২৮ মেজর (অবঃ) মির্জা মোঃ আশরাফুল হক	৭৮৭	মিরপুর ডিওএইচএস	০৬ (ছয়) তলা নতুন ভবন
(৭)	বিএ-২০৫৭ মেজর জেনাঃ আবুল কালাম মোহাম্মদ হুমায়ুন কবির, এনডিইউ, পিএসসি	৪৯৮	মিরপুর ডিওএইচএস	০৬(ছয়) তলা নতুন ভবন
(৮)	বিএ-১৮৯৫ মেজর জেনাঃ এ কে এম মুজাহিদ উদ্দিন, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি	৪৫৯	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (আজ্ঞাস্তরীণ পরিবর্তন)
(৯)	বিএ-১৯০৩ মেজর জেনাঃ আব্দুল মতিন, এএফডব্লিউসি, পিএসসি, পিটিএসসি	৭৩৪	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা ভবন (আজ্ঞাস্তরীণ পরিবর্তন)
(১০)	বিএসএস-১৮৩৫ লেঃ কর্ণেল মোঃ আছরাবুর রহমান খান, পিএসসি	৭৩৬	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা ভবন (আজ্ঞাস্তরীণ পরিবর্তন)
	বিএ-১০০২৪৭ ব্রিগেঃ জেনাঃ জাহাঙ্গীর আলম	৬০৬		
(১১)	বিএ-২০১৪ লেঃ কর্ণেল মোঃ রুহুল আমিন, পিএসসি	৬০৫	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৬(ছয়) তলা ভবন (আজ্ঞাস্তরীণ পরিবর্তন)
	(ক) বিএ-১০০২৫৮ কর্ণেল মোঃ সিদ্দিকুর রহমান (অবঃ)	৪৩৯		
(১২)	(খ) বিএ-১১০১৬৪ মেজর দিলরুবা সওকাত আরা ইয়াসমিন	৬৬/সি	ক্যান্টনমেন্ট বাজার এলাকা	সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (পুরাতন ২ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ)
(১৩)	মিসেস হাসিনা রহমত	১৫/এ	ক্যান্টনমেন্ট বাজার এলাকা	সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (পুরাতন ২ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ)
(১৪)	মিসেস রাবেয়া খাতুন	সিবি-১২৭ সিএস-১২৫ (অংশ)	কচুক্ষেত পুরান বাজার মৌজা- লালাসরাই	০৬(ছয়) তলা নতুন আবাসিক ভবন পুরাতন একতলা ভবন ভেঙ্গে
(১৫)	মিসেস আতিয়া সিরাজ ও মিসেস আকিফা বাসেত	সিবি-৭৩/১ সিএল-১৩৫ (অংশ)	কচুক্ষেত পুরান বাজার মৌজা- লালাসরাই	০৫(পাঁচ) তলা নতুন আবাসিক ভবন

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ১৫ (পনের)টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে।

সিদ্ধান্ত : ক্রমিক নং-১ থেকে ১৫ এ উল্লেখিত মোট ১৫ (পনের)টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং নিয়মানুযায়ী রাস্তার ক্ষতিপূরণ বাবদ অর্থ জমা করতে হবে।

আলোচ্যসূচী-১৫ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে :-

ক্রমিক নং	কাজের বিবরণ	এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক মূল্যানুমান	মন্তব্য
(১)	বনানী ডিওএইচএস এলাকার ইস্টার্ন রোড/মসজিদ রোড উচ্চকরণসহ কার্পেটিং কাজ।	৬৬,৭০,৮২৯/- টাকা	অনুদান
(২)	বনানী ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ন রোড উচ্চকরণসহ কার্পেটিং কাজ।	৪২,৩০,৩৮২/- টাকা	-এ-
(৩)	বনানী ডিওএইচএস এলাকার ৬ নং রোড উচ্চকরণসহ কার্পেটিং কাজ।	২০,৮৫,২৭১/- টাকা	-এ-
(৪)	বনানী ডিওএইচএস এলাকার ৬/এ নং রোড উচ্চকরণসহ কার্পেটিং কাজ।	৮,৬০,০৮৭/- টাকা	-এ-
(৫)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি-৫, ৯৭ (টিনশেড), ৬৫/ডি-১৪ মেরামত ও রংকরণ কাজ।	৪১,৬৫১/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৬)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৪৮/এ, ৬৫/ডি-১৩, ৬৪/ডি (২য় তলা পূর্ব পার্শ্ব) মেরামত ও রংকরণ কাজ।	৪১,৬৪৮/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৭)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং- ১০১ (৩য় তলা উত্তর পার্শ্ব) মেরামত ও রংকরণ কাজ।	৪২,৯৩৮/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত

চলমান পাতা-৯

ক্রমিক নং	কাজের বিবরণ	এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক মূল্যানুমান	মন্তব্য
(৮)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং- ৬৫/ডি বাহির পার্শ্ব মেরামত ও রংকরণ কাজ।	৭১,৯৩২/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৯)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টারসমূহের গ্যাসের রাইজার চুরি রোধকরণের জন্য লোহার খাচা সরবরাহ ও স্থাপন কাজ।	১,২৫,০৭০/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১০)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং- ৬৫/ডি-৭ মেরামতকরণ কাজ।	৪৫,৬৭৮/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১১)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের স্টাফ কোয়ার্টার নং- ৬৪/জে সংস্কার, মেরামত ও রংকরণ কাজ।	৯৩,৯৬৩/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১২)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি-১ সংস্কার, মেরামত ও রংকরণ কাজ।	৩৯,৭৪২/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১৩)	সেনাসদর, ঢাকা ক্যান্টনমেন্টের উল্টোদিকে শহীদ সরণির পশ্চিম পার্শ্ব সাইকেল স্ট্যান্ড নির্মাণ কাজ।	৬,৭৯,৮৬৭/- টাকা	অনুদান
(১৪)	স্বাধীনতা সরণীতে রোড ডিভাইডার মেরামতসহ বনানী এমপি চেক পোস্টের রেল লাইনের পূর্ব পার্শ্ব পাকা (স্থানান্তরযোগ্য) রোড ডিভাইডার নির্মাণ/স্থাপন কাজ।	১,০২,১৮১/- টাকা	অনুদান
(১৫)	রজনীগন্ধা সুপার মার্কেটের রিক্সা স্ট্যান্ড হতে মসজিদ রোড পর্যন্ত সংযোগ রাস্তা নির্মাণ ও অন্যান্য কাজ।	১,২৬,৭৩৮/- টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(১৬)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/বি নং প্লটে ৬তলা ভিতসহ ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টারের নিচতলা (১×৪ ইউনিট বাসস্থান) নির্মাণ।	৫৭,৩১,৩৮৯/- টাকা	অনুদান
(১৭)	মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপে ২য় পর্যায়ের সার্ভে ওয়াকসহ ১০০০টি আরসিসি পিলার তৈরী ও স্থাপন কাজ।	৭,৭৯,২৫৮/- টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(১৮)	বনানী কবরস্থানে ফুটপাথ ও মাটি ভরাটসহ দু'টি নতুন লেন তৈরীকরণ।	৯,৭৬,৫৭৬/- টাকা	অনুদান/বোর্ডফান্ড

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস এবং ডিওএইচএস এর উপরোল্লিখিত ১৮ (আঠার) টি কাজের মূল্যানুমান যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত ১৮ (আঠার) টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং- ৫ থেকে ১২ এবং ১৫ এ বর্ণিত কাজগুলোর জন্য দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৬ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে :-

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	Responsive Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
(১)	মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে নিরাপত্তা বাতির অকেজো টিউব লাইট শেড পরিবর্তন করে নতুন টিউব লাইট শেড ও ব্র্যাকেট সরবরাহ ও স্থাপন কাজ।	৭৯,১৭০/- টাকা (বাজার দর)	মেসার্স বসুন্ধরা ট্রেডার্স	৮৬,৯১৩/- টাকা	বিদ্যুতের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (৬-২-খ)
(২)	শহীদ সরণি সংলগ্ন সিএসডি এর দক্ষিণ পার্শ্বের পার্কিং স্পেস এর প্রয়োজনীয় সংস্কার ও প্রবেশ গেইট প্রশস্তকরণ কাজ।	৯২,১৮০/- টাকা	মেসার্স নয়ন এন্টারপ্রাইজ	৯৬,৫৬৩/২১ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
(৩)	মিরপুর ডিওএইচএস এর জলাবদ্ধতা দূরীকরণ কাজ।	১,৪৭,৭৬৬/- টাকা	মেসার্স এস এস এন্টারপ্রাইজ	১,৫৫,০৭০/৭১ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৪)	ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েবসাইট ও ওয়েব বেইজড সফটওয়্যার তৈরী।	-	বিজয় অনলাইন লিঃ	১,৪১,৯০০/- টাকা	বোর্ড তহবিল/অনুদান
(৫)	বনানী ডিওএইচএস এলাকার উত্তর দিকে গলফ এর দেয়াল বরাবর পূর্ব পশ্চিমে নতুন ওয়াকওয়ের জন্য জিআই পোল দ্বারা নিরাপত্তা বাতি সরবরাহ ও স্থাপন কাজ।	১,৯১,১৪৫/- টাকা (বাজার দর)	মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ	২,০০,৭০১/৬০ টাকা	বনানী ডিওএইচএস এর অনুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ দ্বারা
(৬)	রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজারের মুরগী জবাইখানা (৮'-০" × ১০'-০") সম্প্রসারণ কাজ।	৪১,১৪৬/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	৪৩,১৯৬/৮৪ টাকা	সালামী বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা

চলমান পাতা-১০

আলোচনা :

প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলো সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাস্তব খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluation Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনা হলো।

সিদ্ধান্ত :

বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো :-

ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য	ক্রমিক নং	অনুমোদিত দর	মন্তব্য
১	৮৬,৯১৩/- টাকা		২	৯৬,৫৬৩/২১ টাকা	
৩	১,৫৫,০৭০/৭১ টাকা		৪	-	দরপত্র মূল্যায়নের জন্য করিগরী দক্ষতা সম্পন্ন একটি কমিটি গঠন করা হোক ; কমিটির মতামত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।
৫	২,০০,৭০১/৬০ টাকা		৬	৪৩,১৯৬/৮৪ টাকা	

আলোচ্যসূচী-১৭ : মিরপুর ডিওএইচএস এলাকার ১২ নং রোডে অবস্থিত ১৩৮ নং প্লট বরাদ্দলাভকারী কর্ণেল (অবঃ) মোঃ

আওলাদ হোসেন এর তদীয় প্লটের সম্মুখ হতে বৈদ্যুতিক পোল স্থানান্তর প্রসংগে।

আলোচনা :

প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার ১২নং রোডে অবস্থিত ১৩৮ নং প্লট বরাদ্দলাভকারী কর্ণেল (অবঃ) মোঃ আওলাদ হোসেন উক্ত প্লটের সম্মুখ হতে বৈদ্যুতিক পোল স্থানান্তরের জন্য অত্র দপ্তরে ০১ অক্টোবর, ২০০৯ তারিখে আবেদন করলে অত্র দপ্তরের ২৮ অক্টোবর, ২০০৯ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৯২/১৪২ নং পত্রের মাধ্যমে ডেসকো কর্তৃপক্ষকে বৈদ্যুতিক পোল স্থানান্তরের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে ডেসকো এর ১৫ ডিসেম্বর, ২০০৯ তারিখের ডেসকো/এসইএলডি/২০০৯/১২৪৮ নং স্মারকের মাধ্যমে ডিপোজিট স্কীমের আওতায় লাইন নির্মাণ/লাইন স্থানান্তর/পোল স্থানান্তরের জন্য ৬৩,৮৪৮/-টাকার প্রাথমিক মূল্যানুমান পেশ করেন। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ঢাক্যাবো/পিডব্লিউ/৯২/১৫৯ নং পত্রের মাধ্যমে কর্ণেল (অবঃ) মোঃ আওলাদ হোসেন কে বৈদ্যুতিক পোল স্থানান্তরের জন্য ৬৩,৮৪৮/- টাকা ডেসকো কর্তৃপক্ষকে পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়েছে। উক্ত টাকা ডেসকো কর্তৃপক্ষকে পরিশোধ করলে ডেসকো বৈদ্যুতিক পোল স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ প্রসংগে উল্লেখ্য যে, মিরপুর ডিওএইচএস এর ১২ নং রোডে অবস্থিত ১৩৮ নং প্লটের সম্মুখের বৈদ্যুতিক খুঁটিটি প্লটের এক পার্শ্ব হতে ১১ - ০' ফুট দূরত্বে অবস্থিত বিধায় প্লটের সম্মুখে গেইট স্থাপন করা হলে যাতায়াতে কোন অসুবিধা হবে না মর্মে সভাকে অবহিত করা হয়। তদুপরি সংশ্লিষ্ট প্লটের মালিক যদি উক্ত খুঁটি নিজ ব্যয়ে অপসারণ করতে চান তাহলে অনুমতি দেয়া যেতে পারে মর্মে মিরপুর ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী মত প্রকাশ করেন।

মিরপুর ডিওএইচএস এর ১৩৮ নং প্লটের সামনের বৈদ্যুতিক খুঁটি সংশ্লিষ্ট প্লট মালিক/আবেদনকারীর নিজ ব্যয়ে অপসারণ করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১১

আলোচ্যসূচী-১৮ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪০/এ নং প্লট বরাদ্দলাভকারী মেজর জেনারেল (অবঃ) আ ম সা আ আমিন এর দাখিলকৃত বেসমেন্ট ফ্লোরসহ ৬(ছয়) তলা ভবনের নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪০/এ নং প্লট বরাদ্দলাভকারী মেজর জেনারেল (অবঃ) আ ম সা আ আমিন উক্ত প্লটে বেসমেন্ট ফ্লোরসহ ০৬(ছয়) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদনের জন্য আবেদন করেছেন। এ ব্যাপারে একক সিদ্ধান্ত গ্রহণ না করে ক্যান্টনমেন্ট বাজার এলাকার জন্য বেসমেন্ট ফ্লোরসহ নকশা অনুমোদনের বিষয়ে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪০/এ নং প্লটসহ উক্ত এলাকায় বেসমেন্ট ফ্লোরসহ নকশা অনুমোদনের বিষয়টি কিউএমজি মহোদয়ের বরাবরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫/সি নং প্লটে বেসমেন্ট ফ্লোরসহ ৬(ছয়) তলা ভবন নির্মাণের বিষয়ে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৮তম সভার আলোচ্যসূচী-৫ এর সিদ্ধান্ত অবহিত হওয়া ও ঘটনোত্তর অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫/সি নং প্লটে বেসমেন্ট ফ্লোরসহ নকশা অনুমোদনের নিমিত্তে আবেদন করা হলে বিষয়টি গত ১৭ নভেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-১৪ এর মাধ্যমে উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৮তম সভার আলোচ্যসূচী-৫ এর মাধ্যমে মিরপুর ডিওএইচএস এর জন্য প্রযোজ্য বেসমেন্ট নির্মাণ সংক্রান্ত প্রচলিত বাইলজ অনুসরণের (নিরাপত্তাজনিত সকল শর্তাদি) শর্ত সাপেক্ষে কেস-টু-কেস ভিত্তিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫/সি নং প্লটে বেসমেন্ট ফ্লোর নির্মাণের জন্য বিল্ডিং প্ল্যান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে এ অনুমোদন পরবর্তীতে পূর্ব নজির হিসেবে প্রযোজ্য হবে না।

সিদ্ধান্ত : সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির অনুমোদনের প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস এর জন্য প্রযোজ্য বেসমেন্ট নির্মাণ সংক্রান্ত প্রচলিত বাইলজ অনুসরণের (নিরাপত্তাজনিত সকল শর্তাদি) শর্ত সাপেক্ষে কেস-টু-কেস ভিত্তিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫/সি নং প্লটে বেসমেন্ট ফ্লোরসহ ০৬(ছয়) তলা আবাসিক ভবনের নকশা ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ অনুমোদন পরবর্তীতে পূর্ব নজির হিসেবে প্রযোজ্য হবে না। তবে নিয়ম মার্ফিক রাস্তার ক্ষতিপূরণ বাবদ অর্থ জমা করতে হবে।

আলোচ্যসূচী-২০ : বারিধারা ডিওএইচএস এর ২২১ নং প্লটে বাড়ী নির্মাণের বিষয়ে রাস্তার ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৮তম সভার আলোচ্যসূচী-১৩ এর সিদ্ধান্ত অবহিত হওয়া এবং তা ঘটনোত্তর অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এর ২২১ নং প্লটটি বিএ-১৮৪৮ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নূরুল হক (অবঃ) এর নামে বরাদ্দ করা হয়। উক্ত প্লটে বাড়ী নির্মাণের জন্য গত ০৩/১০/১৯৯৬ তারিখে ০৫(পাঁচ) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদন করা হয় এবং যথারীতি ৫ তলা বাড়ী নির্মাণ করা হয়। উল্লেখ্য যে, সে সময় ৫(পাঁচ) তলা পর্যন্ত নির্মাণের বাই'লজ ছিল। অতঃপর ০১/৯/১৯৯৯ তারিখের গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে ০৬(ছয়) তলা নির্মাণের অনুমোদন পাওয়া যায়। গত ২৯/০১/২০০৮ তারিখে সংশ্লিষ্ট প্লটে ৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণের সংশোধিত নকশা অনুমোদন করা হয়। সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৮তম সভার আলোচ্যসূচী- ১৩ এর মাধ্যমে আলোচ্য প্লটে রাস্তার ক্ষতিপূরণ ব্যতিরেকে ৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : বারিধারা ডিওএইচএস এর ২২১ নং প্লটে রাস্তার ক্ষতিপূরণ বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ : মিরপুর ডিওএইচএস এলাকার তৃতীয় ধাপের মাস্টার প্লানে চিহ্নিত স্থানে (১০৮৮ নং প্লটের নিকটবর্তী) ওয়াসা কর্তৃক দ্বিতীয় পানির পাম্প স্থাপনের অনুমতি প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার তৃতীয় ধাপের মাস্টার প্লানে চিহ্নিত স্থানে (১০৮৮ নং প্লটের নিকটবর্তী) ওয়াসা কর্তৃক দ্বিতীয় পানির পাম্প স্থাপনের নিমিত্তে উক্ত এলাকায় যৌথভাবে সরেজমিন পরিদর্শন করা হয়। এ ব্যাপারে মডস্ জোন-১০ এর একজিকিউটিভ ইঞ্জিনিয়ার জানিয়েছেন যে, মিরপুর ডিওএইচএস এলাকায় পানির পাম্প স্থাপনের জন্য ফান্ডে টাকাও পাওয়া গিয়েছে বিধায় জরুরী ভিত্তিতে পাম্প স্থাপন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : ওয়াসা কর্তৃপক্ষকে নকশা অনুযায়ী জমি বুঝিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ : গত ১২ অক্টোবর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৬ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪ নং বাড়ীর অবৈধ সুইমিং পুল স্থাপনের ক্ষতিপূরণ ও পানির বিল বিধারণ প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ১২ অক্টোবর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী- ২৬ এর মাধ্যমে বিষয়টি উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনাতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪নং বাড়ীতে অনুমোদিত নকশা বহির্ভূতভাবে নির্মিত সুইমিং পুলটি প্রচলিত হারে জরিমানা আদায় করে নিয়মিত করাসহ সুইমিং পুলের অতিরিক্ত পানির জন্য ৪টি ফ্ল্যাটের সমপরিমাণ পানির বিল আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে অননুমোদিতভাবে নির্মিত সুইমিং পুলের ক্ষতিপূরণ বাবদ ৪,০২,৪৮০/- (চার লক্ষ দুই হাজার চারশত আশি) টাকা এবং উক্ত সুইমিং পুলে অতিরিক্ত পানি ব্যবহারের জন্য প্রতি মাসে ৪ ফ্ল্যাটের সমপরিমাণ অর্থাৎ ৪৬০×৪ = ১,৮৪০/- (এক হাজার আটশত চল্লিশ) টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্লট মালিককে অনুরোধ জানানো হয়। কিন্তু প্লট মালিক উক্ত ক্ষতিপূরণের অর্থ পরিশোধ না করে ক্ষতিপূরণ এবং পানির বিলের পরিমাণ হ্রাস করার অনুরোধ জানান।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪ নং প্লটে নির্মিত বাড়ীর সংশোধিত নকশা অনুমোদনসহ সুইমিং পুলের জন্য অতিরিক্ত একটি ফ্ল্যাটের সমপরিমাণ পানির বিল আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৩

২৩ বিবিধ (১)ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত কার পার্কিং স্থানটি তিন মাসের জন্য পরীক্ষামূলকভাবে বাজার কমিটির মাধ্যমে পরিচালনা প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের সম্মুখস্থ কার পার্কিং স্পেস হতে গাড়ী চুরি রোধসহ অযথা পার্কিং করে রাখা গাড়ী নিয়ন্ত্রণের জন্য উক্ত স্থানটি নির্ধারিত শর্তে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে পরীক্ষামূলকভাবে নির্ধারিত শর্ত সাপেক্ষে উক্ত স্থানটি বাজার কমিটির মাধ্যমে আগামী ০৩(তিন) মাসের জন্য পরিচালনা করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক অনুমোদিত নীতিমালা/শর্তের আলোকে রজনীগন্ধা সুপার মার্কেটের সম্মুখস্থ কার পার্কিং স্পেসটি ৩০ এপ্রিল, ২০১০ তারিখ পর্যন্ত রজনীগন্ধা সুপার মার্কেট কমিটির মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৩ বিবিধ (২)ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

ক্রমিক নং	কাজের বিবরণ	জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ	ঠিকাদারী ফার্মের নাম
(১)	বারিধারা ডিওএইচএস এলাকার লেন নং-২ এর পূর্ব ও পশ্চিম পার্শ্ব কাপেটিং কাজ।	৩,০৩,৭১১/- টাকা	মেসার্স আর এস এন্টারপ্রাইজ
(২)	বারিধারা ডিওএইচএস এলাকার লেন নং-৬ এর পূর্ব ও পশ্চিম পার্শ্ব কাপেটিং কাজ।	৩,৫৮,১৫৭/- টাকা	দি মুন এন্টারপ্রাইজ
(৩)	বারিধারা ডিওএইচএস এলাকার লেন নং-৭ এর পশ্চিম পার্শ্ব কাপেটিং কাজ।	১,৯২,৪৬২/- টাকা	মেসার্স আজিজ কর্পোরেশন
(৪)	মহাখালী ডিওএইচএস এর ২৮ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কাপেটিং কাজ।	১,১৬,৮০২/- টাকা	মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত ০৪(চার)টি মেরামত/প্রকল্প সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করেছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত ০৪(চার) টি প্রকল্পের বিরপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৩ বিবিধ (৩)ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোড সংলগ্ন ৮২ ও ৮৩ নং প্লটের পশ্চিম সীমায় বসবাসকারী সেনানিবাসের বাহিরের লোকজন যাতায়াতের জন্য রাস্তা প্রদান প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮২ ও ৮৩ নং প্লটের পশ্চিম সীমানায় ০৫(পাঁচ)টি বহুতল আবাসিক ভবন রয়েছে। ধামালকোট এলাকার উক্ত বাড়ীগুলো থেকে ক্যান্টনমেন্ট বোর্ড কোন গৃহকর পায় না। বাড়ীর নকশা রাজউক কর্তৃক অনুমোদন রয়েছে। অনুমোদিত নকশায় রাস্তার জন্য কোন জমি না ছেড়ে বাড়ী নির্মাণ করা হয়েছে। অধিকন্তু ঐ সমস্ত প্লটে যাতায়াতের জন্য কোন অনুমোদিত/সরকারী রাস্তা নেই। ক্যান্টনমেন্ট বোর্ডের জমির উপর দিয়ে তারা সাময়িকভাবে যাতায়াত করে। বর্তমানে ক্যান্টনমেন্ট বোর্ডের উক্ত জমির উপর ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং অবৈধ দখলকারীদের নিকট থেকে সরকারী সম্পত্তি রক্ষার প্রয়োজনে ক্যান্টনমেন্ট বোর্ডের জমির সীমানা প্রাচীর দেয়া প্রয়োজন। সীমানা প্রাচীরটি নির্মাণ করা হলে তাদের যাতায়াতের রাস্তা বন্ধ হয়ে যাবে। উল্লেখিত বাড়ীর মালিকগণ ৮২ ও ৮৩ নং প্লটের পশ্চিম সীমানা দিয়ে তাদের চলাচলের রাস্তা দেওয়ার জন্য গত ২৩/১২/২০০৯ তারিখে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে এবং ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বরাবর আবেদন করেন। প্রস্তাবিত স্থানে রাস্তা দিতে হলে কমপক্ষে $১৯৫-০' \times ১০-০' = ১৯৫০$ বঃফুঃ বা ২.৭১ কাঠা ক্যান্টনমেন্ট এর জমি ছেড়ে দিতে হবে। যার বর্তমান বাজার মূল্য আনুমানিক দুই/আড়াই কোটি টাকা।

সিদ্ধান্ত : উক্ত বাড়ীর মালিকগণ বাজার মূল্যে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান করলে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে শুধুমাত্র যাতায়াতের জন্য ১০'-০" প্রশস্ত রাস্তার জমি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

চলমান পাতা-১৪

২৩ বিবিধ (৪): বনানী ডিওএইচএস এর ৯ নং প্লটে অননুমোদিতভাবে নির্মিত বেসমেন্ট ফ্লোর প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এর ৯ নং প্লটে অননুমোদিত নকশা বহির্ভূতভাবে সেমি-বেসমেন্টসহ ০৬(ছয়) তলা আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত অননুমোদিত নির্মাণ অপসারণের জন্য ইতোপূর্বে অনেক নোটিশ প্রদান করা হয়েছে। কিন্তু প্লট মালিক এ ব্যাপারে কোন কার্যক্রম গ্রহণ করেননি। সম্প্রতি উক্ত অননুমোদিত নির্মাণ ক্ষতিপূরণ জমা করে নিয়মিত করার জন্য অনুরোধ জানিয়েছেন।

সিদ্ধান্ত : প্রচলিত নিয়ম মোতাবেক ধার্যকৃত ক্ষতিপূরণ পরিশোধ সাপেক্ষে অননুমোদিত নির্মাণ নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটিতে বিষয়টি উত্থাপন করা হোক।

২৩ বিবিধ (৫): ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদার তালিকাভুক্তি প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য ০৮ (আট) টি প্রতিষ্ঠান কর্তৃক অত্র দপ্তরে আবেদন করা হয়।

সিদ্ধান্ত : প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ১ম/২য় শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

২৩ বিবিধ(৬) : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পশ্চিম মাথায় সিএস প্লট নং- ৪২, ৪৪ (অংশ), মৌজা-লালাসরাই এর মালিক জাহির আলী গং এর ০৬(ছয়) তলা আবাসিক ভবনের সংশোধিত নকশা অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ২২ জুলাই, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৭(১১) এর সিদ্ধান্ত মোতাবেক ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের পশ্চিম মাথায় সিএস প্লট নং- ৪২, ৪৪ (অংশ), মৌজা-লালাসরাই এ ০৬(ছয়) তলা আবাসিক ভবন নির্মাণের জন্য নকশা অনুমোদন করা হয়। সে মোতাবেক উক্ত প্লটে বাড়ী নির্মাণ করা হয়। সম্প্রতি উক্ত প্লটের সামনের ফাঁকা জায়গায় ভবন নির্মাণের জন্য সংশোধিত নকশা দাখিল করা হয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, উক্ত ভবনের ফ্ল্যাট ক্রেতাপণের নিকট প্লটের সামনের ফাঁকা স্থানটিতে ফোয়ারা দেখিয়ে ফ্ল্যাট বিক্রয় করা হয়েছিল মর্মে ফ্ল্যাট ক্রেতাপণ জানিয়েছেন এবং উক্ত ফাঁকা জায়গায় ভবন নির্মাণের নকশা অনুমোদন না করার জন্যও অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত : সংশোধিত নকশা অনুমোদন না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৩ বিবিধ(৭) : গত ৩০ ডিসেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী- ৩৭বিবিধ(৯) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন পয়েন্টে অব্যবহৃত/পরিত্যক্ত স্থানগুলো দোকান করার নিমিত্তে বরাদ্দ প্রদান প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন পয়েন্ট/স্থানে কয়েকটি অব্যবহৃত/পরিত্যক্ত স্থান দোকান করার জন্য বরাদ্দ প্রদানের নিমিত্তে গত ৩০ ডিসেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-৩৭বিবিধ(৯) এর মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক দোকানের স্থান বরাদ্দের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ সতায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সালামীতে ০৩(তিন) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে উক্ত স্থানগুলো দোকান করার জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করার জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের অধীনে একটি অফিসার্স পর্যদ গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং পর্যদের সুপারিশ আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

২৩ বিবিধ(৮) : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে :-

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	Responsive Tenderer	উক্ত দর	মন্তব্য
(১)	মহাখালী ডিওএইচএস এলাকার ১ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	৪,৩৬,৮৮৪/- টাকা	(ক) মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন (খ) মেসার্স ইমেল এন্টারপ্রাইজ (গ) দি মুন এন্টারপ্রাইজ (ঘ) মেসার্স সেভেন স্টার ইন্ডেন্ট্রিনিয় (ঙ) মেসার্স জি এম ট্রেডার্স (চ) মেসার্স সিকদার এন্টারপ্রাইজ (ছ) মেসার্স এস আলম এন্টারপ্রাইজ	৪,১৫,০৪০/- টাকা	
(২)	মহাখালী ডিওএইচএস এলাকার ৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	২,৮১,৭৬৮/- টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	২,৬৭,৬৭৯/৫৭ টাকা	
(৩)	মহাখালী ডিওএইচএস এলাকার ৪ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	২,৮১,০০০/- টাকা	(ক) মেসার্স আমিন ব্রাদার্স (খ) মেসার্স জি এম ট্রেডার্স (গ) মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন (ঘ) মেসার্স সেভেন স্টার ইন্ডেন্ট্রিনিয় (ঙ) মেসার্স খোরশেদ আলম এন্টারপ্রাইজ	২,৬৬,৯৫০/- টাকা	
(৪)	মহাখালী ডিওএইচএস এলাকার ৫ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	২,৬৯,১৭৯/- টাকা	(ক) মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন (খ) মেসার্স আমিন ব্রাদার্স (গ) মেসার্স সেভেন স্টার ইন্ডেন্ট্রিনিয় (ঘ) মেসার্স খোরশেদ আলম এন্টারপ্রাইজ	২,৫৫,৭২০/- টাকা	
(৫)	মহাখালী ডিওএইচএস এলাকার ৬ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	২,৮৬,০২৬/- টাকা	(ক) মেসার্স সরদার ট্রেডার্স (খ) মেসার্স গাজী এন্ড ব্রাদার্স (গ) মেসার্স সেভেন স্টার ইন্ডেন্ট্রিনিয় (ঘ) মেসার্স খোরশেদ আলম এন্টারপ্রাইজ	২,৭১,৭২৪/৭০ টাকা	
(৬)	মহাখালী ডিওএইচএস এলাকার ১৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,২৭,৩০৭/- টাকা	দি মুন এন্টারপ্রাইজ	১,২০,৯৪১/৬৫ টাকা	
(৭)	মহাখালী ডিওএইচএস এলাকার ১৪ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,১৩,৫২৮/- টাকা	(ক) মেসার্স গাজী এন্ড ব্রাদার্স (খ) মেসার্স সরদার ট্রেডার্স (গ) দি মুন এন্টারপ্রাইজ	১,০৭,৮৫১/৬০ টাকা	
(৮)	মহাখালী ডিওএইচএস এলাকার ১৫ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	১,১৮,৬৯৩/- টাকা	(ক) মেসার্স বিজার্স কর্পোরেশন (খ) মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন (গ) মেসার্স গাজী এন্ড ব্রাদার্স (ঘ) দি মুন এন্টারপ্রাইজ	১,১২,৭৫৮/৩৫ টাকা	
(৯)	মহাখালী ডিওএইচএস এলাকার ২৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ।	৫,৯৭,২৩৩/- টাকা	(ক) মেসার্স সরদার ট্রেডার্স (খ) মেসার্স গাজী এন্ড ব্রাদার্স (গ) মেসার্স বিজার্স কর্পোরেশন	৫,৬৭,৩৭১/৩৫ টাকা	
(১০)	মহাখালী ডিওএইচএস এর পার্ক ও মসজিদ এলাকার রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ।	১০,০৪,০৫৬/- টাকা	(ক) মেসার্স গাজী এন্ড ব্রাদার্স (খ) মেসার্স সরদার ট্রেডার্স	৯,৫৩,৮৫৩/- টাকা	
(১১)	মহাখালী ডিওএইচএস এর ২ নং পাবির পাম্প হতে বনানী এমপি চেকপোস্ট পর্যন্ত রাস্তার পশ্চিম পার্শ্ব দিয়ে ফুটপাথ নির্মাণ।	৮,৮১,৯৬৭/- টাকা	(ক) মেসার্স গাজী এন্ড ব্রাদার্স (খ) মেসার্স সরদার ট্রেডার্স	৮,৩৭,৮৬৮/৬৫ টাকা	
(১২)	শহীদ বদিউজ্জামান রোডের রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন স্থানে সীমানা দেয়াল ভেঙ্গে রাস্তা চওড়াকরণ কাজ।	১,১৬,৪৫৬/- টাকা	(ক) মেসার্স সোহেল এন্ড ব্রাদার্স (খ) মেসার্স হাবিব এন্ড সঙ্গ	১,১০,৬৩৩/২০ টাকা	
(১৩)	শহীদ সরণি ও স্বাধীনতা সরণি সিগন্যাল গেট হতে বিএএফ গার্ডকম পর্যন্ত বিজয় কেন্দ্রের বিপরীত দিকে ভাষণটেক পকেট গেইটগামী রাস্তার পটহোল মেরামত ও কার্পেটিং কাজ।	১,৫০,০০০/- টাকা	(ক) মেসার্স সোহেল এন্ড ব্রাদার্স (খ) মেসার্স হাবিব এন্ড সঙ্গ	১,৪২,৫০০/- টাকা	


চলমান পাতা-১৬

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক	Responsive Tenderer	উদ্ধৃত দর	মন্তব্য
(১৪)	স্বাধীনতা সরিগি রজনীগন্ধা এমপি চেক পোস্ট হতে বনানী এমপি চেক পোস্ট পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের খননকৃত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ।	৮,০৪,১৭৪/- টাকা	(ক) মেসার্স এস আলম এন্টারপ্রাইজ (খ) মেসার্স হাবিব এন্ড সন্স (গ) মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন (ঘ) মেসার্স সরদার ট্রেডার্স	৭,৬৩,৯৬৬/- টাকা	
(১৫)	স্বাধীনতা সরিগি এমপি চেক পোস্ট হতে পূর্ব দিকে এমইএস পরিদর্শন বাংলো পর্যন্ত রাস্তায় পাকা রোড ডিভাইডার নির্মাণ ও স্থাপন।	১,১১,৪১৪/- টাকা	মেসার্স সিকদার এন্টারপ্রাইজ	১,১৫,৮৭১/- টাকা	
(১৬)	আদর্শ বিদ্যালয়কেন্দ্র, মানিকদীপ পূর্ব পার্শ্বস্থ ভবনের ২য় তলা নির্মাণ।	২৯,০৮,৯০০/- টাকা	মেসার্স গাজী এন্ড ব্রাদার্স	৩০,২৩,৩৬৫/- টাকা	
(১৭)	ক্যান্টনমেন্ট বাজার এগারকার ৮ নং রোডের ত্রিকোণাকৃতি পার্কের ওয়াল মেরামত, ওয়াকওয়ে নির্মাণ ও খেলার সামগ্রী স্থাপন কাজ।	৭,০৫,৫৬২/- টাকা	(ক) মেসার্স সেডেন স্টার ইলেক্ট্রনিক্স (খ) মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন	৬,৭০,৬২৮/- টাকা	


আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সম্প্রতি সরকার কর্তৃক প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে গৃহীত দরপত্রে কোন দরদাতা কর্তৃক দাপ্তরিক প্রাক্কলনের ৫% (পাঁচ শতাংশ) এর অধিক কম বা অধিক বেশী দর দরপত্রে উদ্ধৃত করা হলে উক্ত দর বাতিল বলে গণ্য হবে। সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা নির্ণয়ের জন্য বিশেষ ক্ষেত্র হিসেবে লটারীর প্রয়োগ বিবেচনা করা যাবে মর্মে পিপিআর সংশোধন করে গেজেট প্রকাশিত হয়েছে। সে মোতাবেক উপরোল্লিখিত ১৭(সতের)টি প্রকল্পের মধ্যে ১৫(পনের)টি কাজের বিপরীতে প্রাক্কলিত মূল্যানুমানের ৫% নিম্নে কোন কোন কাজের ক্ষেত্রে একাধিক দর পাওয়া গেছে তাদের ক্ষেত্রে লটারীর মাধ্যমে Responsive Tenderer নির্বাচন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ Tender Evaluation Committee এর মতামত এবং লটারীর মাধ্যমে নির্বাচিত Responsive Tenderer -কে কার্যাদেশ প্রদানের নিমিত্তে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ক্রমিক নং-১৬ ও ১৭ এ উল্লেখিত প্রকল্প দুটির জন্য পিপিআর সংশোধিত নীতিমালার আওতায় পুনঃদরপত্র আহ্বান করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ নাজমুছ সাদাত সেলিম)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।


(কর্ণেল তানভির হাসান মজুমদার)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।